



বিচ্ছেদের ১১ বছর পর বিয়ে করলেন অভিনেত্রী



সংগৃহীত ছবি

দীর্ঘ ১১ বছর একাই নিজের সন্তানকে বড় করার দায়িত্ব পালন করেছেন দক্ষিণ কোরিয়ার জনপ্রিয় অভিনেত্রী ওহ ইউন-আহ। অবশেষে জীবনের নতুন এক অধ্যায় শুরু করতে যাচ্ছেন তিনি। নিজের ইউটিউব চ্যানেলে এক বিশেষ ভিডিওবার্তায় ভক্তদের সঙ্গে বিয়ের এই সুখবর শেয়ার করেছেন অভিনেত্রী।

২০১৫ সালে বিবাহবিচ্ছেদের পর ওহ ইউন-আহর জীবনের সবচেয়ে বড় ও গুরুত্বপূর্ণ দায়িত্ব হয়ে দাঁড়ায় ছেলে মিন-কে মানুষ করা। অভিনেত্রী জানান, একসময় তিনি ভেবেছিলেন ছেলেকে নিয়েই তাঁর বাকি জীবন কেটে যাবে। নিজের ব্যক্তিগত জীবনের চেয়ে সন্তানকেই বরাবর অগ্রাধিকার দিয়েছেন তিনি।

শোবিজের বাইরের মানুষ হওয়ায় হবু স্বামীর পরিচয় নিয়ে বেশ সতর্ক ছিলেন ওহ ইউন-আহ। তবে সময়ের পরিক্রমায় এমন একজন মানুষের সঙ্গে তাঁর পরিচয় হয়, যার সঙ্গে জীবন কাটানোর সিদ্ধান্ত নিয়েছেন অভিনেত্রী। এ বিষয়ে তিনি বলেন, অনেক ভেবেচিন্তেই এই সম্পর্ক ও বিয়ের সিদ্ধান্তটি সবার সঙ্গে শেয়ার করার সিদ্ধান্ত নিয়েছেন।

ওহ ইউন-আহ বিশেষভাবে কৃতজ্ঞতা জানিয়েছেন তাঁর হবু স্বামী এবং নতুন পরিবারের প্রতি। তিনি জানান, তাঁর হবু স্বামী ও শ্বশুরবাড়ির সদস্যরা ছেলে মিন-কে পরিবারের একজন সদস্য হিসেবেই সাদরে গ্রহণ করেছেন। অভিনেত্রী আবেগাপ্ত কণ্ঠে বলেন, "এমন ঘটনা সহজে ঘটে না, তাই আমার মনে হয়েছে এই সম্পর্ক আসলে নিয়তিতেই লেখা ছিল।"

ভক্তদের উদ্দেশ্যে অভিনেত্রী জানিয়েছেন, বিয়ের পিঁড়িতে বসলেও তাঁর কর্মজীবনে খুব একটা পরিবর্তন আসবে না। আগের মতোই অভিনয় চালিয়ে যাবেন তিনি। সেই সঙ্গে পরিবার নিয়ে সুন্দরভাবে জীবন কাটানোর আগ্রহ প্রকাশ করে ভক্তদের কাছে নতুন জীবনের জন্য ভালোবাসা ও আশীর্বাদ চেয়েছেন ওহ ইউন-আহ।

উল্লেখ্য, ওহ ইউন-আহ ২০০৭ সালে প্রথমবার বিয়ে করেছিলেন। সেই সংসারে জন্ম নেওয়া ছেলে মিন-কে ২০১৫ সালে বিবাহবিচ্ছেদের পর থেকে দীর্ঘ ১১ বছর ধরে একাই লালন-পালন করছেন এই অভিনেত্রী।